
খ) পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ;

গ) কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায় দূরীকরণের জন্য প্রণয়নকৃত কর্মপরিকল্পনা , ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

ঘ) কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক অতিরিক্ত কার্যক্রম গ্রহণ ;

ঙ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ প্রদান এবং

চ) বিবিধ।

নৈতিকতা কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-০১-২০২৫
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
২। উপমহাব্যবস্থাপক (এসটিআইসি), বিজিএফসিএল।
৩। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।

৪। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল - যথাসময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৩/১ (৩)

তারিখ: ৩০ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।

২। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল।

৩। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিজিএফসিএল।

১৪-০১-২০২৫
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিভাগ

**বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | ১৫ জানুয়ারি ২০২৫ |
| সভার সময় | ১০:০০ ঘটিকা |
| স্থান | মিটিং রুম |
| উপস্থিতি | উপস্থিতির সিট সংযুক্ত |

গত ১৫ জানুয়ারি ২০২৫ তারিখে বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৫)-এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপমহাব্যবস্থাপক(স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল), উপমহাব্যবস্থাপক(মানব সম্পদ) ও উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লিভ) সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আবদুর রাজ্জাক খান, উপমহাব্যবস্থাপক(ইলেকট্রিক মেইনটেন্যান্স)-কে অনুরোধ করেন।

**আলোচনা :**

সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সংশ্লিষ্ট বিষয়াবলী সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে সভা করার বিষয় অন্তর্ভুক্ত আছে, যার মধ্যে ৩য় কোয়ার্টারের সভাটি অদ্য অনুষ্ঠিত হচ্ছে। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) এর প্রতিবেদন সকল প্রমাণকসহ যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি ফোকাল পয়েন্টসহ সংশ্লিষ্ট সকল-কে ধন্যবাদ জানান।

পরবর্তী-তে সভায় বিভিন্ন বিষয়ে আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

**আলোচ্যসূচি :** ক) পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২৪) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

**আলোচনা :** বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য হয়।

**সিদ্ধান্ত :** সভায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

**আলোচ্যসূচি :** খ) কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর পূর্ববর্তী কোয়ার্টার তথা ২য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ;

**আলোচনা :** বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি আলোচিত হয়।

**সিদ্ধান্ত :** সভায় সর্বসম্মতিক্রমে ২য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ করা হয়।

**আলোচ্যসূচি :** গ) কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায় দূরীকরণের জন্য প্রণয়নকৃত কর্মপরিকল্পনা , ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

**আলোচনা :** কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায় দূরীকরণের জন্য প্রণয়নকৃত কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টারে বাস্তবায়িতব্য ০৪টি কার্যক্রম রয়েছে। সেগুলি হলো :

১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন;
১.৩) ২ (দুই) ব্যাচে ১০০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান ;
১.৪) কর্ম-পরিবেশ উন্নয়ন এর আওতায় ৩০০টি অকেজো নথি বিনষ্টকরণ এবং
৩.১) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ।

অদ্যকার সভা অনুষ্ঠানের মাধ্যমে লক্ষ্যমাত্রা-১.১ "নৈতিকতা কমিটির সভা আয়োজন" এর কার্যক্রম সম্পন্ন হচ্ছে।

লক্ষ্যমাত্রা-১.৩ "২ (দুই) ব্যাচে ১০০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান" এর বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শুভঙ্কর কুমার সাহা, উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ) কে প্রশিক্ষণ শিডিউল প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়। সভায় মানবসম্পদ বিভাগ কর্তৃক ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে "২ (দুই) ব্যাচে ১০০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের কাজটি বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদান করা হয়।

লক্ষ্যমাত্রা-১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন এর আওতায় "৩০০টি অকেজো নথি বিনষ্টকরণ" বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ আবদুর রহিম, উপমহাব্যবস্থাপক (স্টোর এন্ড ইনভেন্টরী কন্ট্রোল) সভাকে অবহিত করেন যে, মার্চ-২০২৫ মাসের মধ্যে উক্ত অকেজো নথি বিনষ্টকরণের কাজটি বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ নৈতিকতা কমিটি-কে অবহিত করা হবে।

লক্ষ্যমাত্রা-৩.১ "সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ" এর বিষয়ে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জনাবা জোহুরা আক্তার, উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) সভাকে অবহিত করেন যে, "আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২০২৫" এ উল্লিখিত ছক অনুযায়ী অবসর উত্তর ছুটি-তে যাওয়া কোন কর্মকর্তা/কর্মচারী-কে পিআরএল/ছুটি সংক্রান্ত কোন সেবা প্রদান করা হলে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করা হচ্ছে, যা যথাসময়ে নৈতিকতা কমিটি-কে অবহিত করা হবে।

**সিদ্ধান্ত :**
১.৩) ৩১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে ২ (দুই) ব্যাচে ১০০ জন জনবল-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে ;

১.৪) কর্ম-পরিবেশ উন্নয়ন এর আওতায় "৩০০টি অকেজো নথি বিনষ্টকরণ" এর কাজ সম্পাদন করতে হবে ;

৩.১) অবসর উত্তর ছুটি-তে যাওয়া কোন কর্মকর্তা/কর্মচারী-কে পিআরএল/ছুটি সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে নির্দেশিকা, ২০২৪-২০২৫" এ উল্লিখিত ছক অনুযায়ী রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে।

**আলোচ্যসূচি :** ঘ) কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক অতিরিক্ত কার্যক্রম গ্রহণ।

**আলোচনা :** সভায় কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক অতিরিক্ত কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে আলোচনাশেষে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি পরীক্ষণ করা যেতে পারে, মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত :** কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি পরীক্ষণ করতে হবে।

**আলোচ্যসূচি :** ঙ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ প্রদান।

**আলোচনা :** সভাপতি বলেন, আমরা সবাই জানি "শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা" বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর একটি অংশ। একারণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে পূর্ণ নম্বর পাওয়ার জন্য সচেষ্ট হতে উপস্থিত সকল-কে নির্দেশনা/পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্ত :** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে পূর্ণ নম্বর অর্জনের বিষয়ে সচেষ্ট হতে হবে।

**আলোচ্যসূচি :** চ) বিবিধ

**আলোচনা :** বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আবদুর রাজ্জাক খান, উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে শুদ্ধাচার বাস্তবায়নের ক্ষেত্রে সন্তোষজনক অগ্রগতি সাধিত হয়েছে। কোম্পানিতে শুদ্ধাচার বাস্তবায়নের ক্ষেত্রে সন্তোষজনক অগ্রগতি সাধিত হওয়ায় সভাপতি ফোকাল পয়েন্টসহ সংশ্লিষ্ট সকল-কে ধন্যবাদ জানান।

**সিদ্ধান্ত :** কোম্পানিতে শুদ্ধাচার বাস্তবায়নের ক্ষেত্রে সন্তোষজনক অগ্রগতি অব্যাহত রাখতে শুদ্ধাচার প্রতিষ্ঠায় আন্তরিক ও সচেষ্ট হতে হবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে প্রতিবেদন যথাযথভাবে দাখিল করতে হবে। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-০১-২০২৫
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

**নম্বর:** ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৪

তারিখ: ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা।
৩। মহাব্যবস্থাপক (অপারেশন), বিজিএফসিএল।
৪। উপমহাব্যবস্থাপক (এসটিআইসি), বিজিএফসিএল।

৫। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।
৬। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।
৭। ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল [ওয়েবসাইটে প্রকাশের জন্য]।

২৭-০১-২০২৫
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

## নৈতিকতা কমিটির ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) এর সভায় উপস্থিতির তালিকা

তারিখ: ১৫ জানুয়ারি ২০২৫

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৫/০১/২৫ |
| ২। | এস এম আলী আহসান হাবীব<br>মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৫.০১.২০২৫ |
| ৩। | আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15-12.2025 |
| ৪। | মোঃ আবদুর রহিম<br>উপমহাব্যবস্থাপক (এসটিআইসি), বিজিএফসিএল। | 15/01/25 |
| ৫। | শুভঙ্কর কুমার সাহা<br>উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল। | ১৫/০১/২৫ |
| ৬। | জোহরা আক্তার<br>উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল। | ১৫/০১/২০২৫ |
| ৭। | মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ১৫/০১/২৫ |
| ৮। | মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15.1.25 |
| ৯। | মোঃ আসাদুজ্জামান<br>ব্যবস্থাপক (এসডি এড ভ্যাট) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 15.01.2025 |
| ১০। | | |

CamScanner

৪র্থ কোয়ার্টার

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৭১৬.১৪.০০০৩.২২.৮

তারিখ: ৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভা প্রসঙ্গে।**

সূত্র: (যদি থাকে) ...

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল)-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি প্রকৌঃ মোঃ ফারুক হোসেন, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৩ এপ্রিল ২০২৫ তারিখ বুধবার ১০:৩০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হবে।

<u>সভার আলোচ্যসূচি</u> :

ক) পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

খ) কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর পূর্ববর্তী কোয়ার্টার তথা ৩য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ;

গ) কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায় দূরীকরণের জন্য প্রণয়নকৃত কর্মপরিকল্পনা , ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

ঘ) কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক অতিরিক্ত কার্যক্রম গ্রহণ ;

ঙ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ প্রদান;

চ) বিবিধ।

নৈতিকতা কমিটির সকল সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০৪-২০২৫
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
২। উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল।
৩। উপমহাব্যবস্থাপক (জনসংযোগ), বিজিএফসিএল।
৪। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।
৫। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল - যথাসময়ে মিটিং রুম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**স্মারক নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৭১৬.১৪.০০০৩.২২.৮/১ (৩)

তারিখ: ৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।

২। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, এপিএ, বিজিএফসিএল।

৩। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিজিএফসিএল।

২২-০৪-২০২৫
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

**বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। |
| সভার তারিখ | **২৩ এপ্রিল ২০২৫** |
| সভার সময় | **১০:৩০ ঘটিকা।** |
| স্থান | মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। |

গত ২৩ এপ্রিল ২০২৫ তারিখ বুধবার বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৫)-এর নৈতিকতা কমিটির সভা কমিটির সভাপতি প্রকৌঃ মোঃ ফারুক হোসেন , ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপমহাব্যবস্থাপক(সার্ভিসেস), উপমহাব্যবস্থাপক(জনসংযোগ), উপমহাব্যবস্থাপক(মানব সম্পদ) ও উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) সভায় অংশগ্রহণ করেন (বিবেচ্য সংযুক্তি : Attendance Sheet সদয় দ্রষ্টব্য)। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং বিজিএফসিএল-এর শূদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আবদুর রাজ্জাক খান, উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক মেইনটেন্যান্স)-কে অনুরোধ করেন।

**আলোচনা :**

সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সংশ্লিষ্ট বিষয়াবলী সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১টি করে সভা করার বিষয় অন্তর্ভুক্ত আছে, যার মধ্যে ৪র্থ কোয়ার্টারের সভাটি অদ্য অনুষ্ঠিত হচ্ছে। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল-এর শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ, ২০২৫) এর প্রতিবেদন সকল প্রমাণকসহ যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি ফোকাল পয়েন্টসহ সংশ্লিষ্ট সকল-কে ধন্যবাদ জানান।

পরবর্তী-তে সভায় বিভিন্ন বিষয়ে আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| |
|---|
| **আলোচ্যসূচি :** ক) পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি - মার্চ, ২০২৫) এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;<br><br>**আলোচনা :** বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য হয়।<br><br>**সিদ্ধান্ত :** সভায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। |

**আলোচ্যসূচি :** খ) পূর্ববর্তী সভা তথা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ;

**আলোচনা :** বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি আলোচিত হয়।

**সিদ্ধান্ত :** সভায় সর্বসম্মতিক্রমে ৩য় কোয়ার্টার এর বাস্তবায়ন প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণ করা হয়।

**আলোচ্যসূচি :** গ) কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায় দূরীকরণের জন্য প্রণয়নকৃত কর্মপরিকল্পনা , ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টার এর কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;

**আলোচনা :** কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে চিহ্নিত অন্তরায় দূরীকরণের জন্য প্রণয়নকৃত কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়িতব্য ৫টি কার্যক্রম রয়েছে। সেগুলি হলো :

১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন;
১.২) অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন;
১.৩) ২ (দুই) ব্যাচে ১০০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান ;
১.৪) কোম্পানির প্রধান কার্যালয়ের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিসহ নিচতলায় অবস্থিত কর্মকর্তাদের দাপ্তরিক কক্ষের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সংস্কার কার্যক্রম গ্রহণ; এবং
৩.১) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ।

অদ্যকার সভা অনুষ্ঠানের মাধ্যমে লক্ষ্যমাত্রা-১.১ "নৈতিকতা কমিটির সভা আয়োজন" এর কার্যক্রম সম্পন্ন হচ্ছে।

লক্ষ্যমাত্রা-১.২ "অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন" এর বিষয়ে সভায় আলোচনা হয় এবং উপস্থিত সদস্যগণ তাদের মতাত ব্যক্ত করেন। আলোচনাশেষে অংশীজন হিসেবে কোম্পানির উন্নয়ন সহযোগীগণসহ পেট্রোবাংলা ও অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিগণ এবং বিজিএফসিএল-এর সংশ্লিষ্ট বিভাগ/শাখার প্রতিনিধিগণ এর অংশগ্রহণে ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে হাইব্রিড মোডে সভা-টি আয়োজনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

লক্ষ্যমাত্রা-১.৩ "২ (দুই) ব্যাচে ১০০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান" এর বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শুভঙ্কর কুমার সাহা, উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ) কে প্রশিক্ষণ শিডিউল প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়। সভায় মানবসম্পদ বিভাগ কর্তৃক ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে "২ (দুই) ব্যাচে ১০০ জন জনবলের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের কাজটি বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদান করা হয়।

লক্ষ্যমাত্রা-১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন এর আওতায় "কোম্পানির প্রধান কার্যালয়ের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিসহ নিচতলায় অবস্থিত কর্মকর্তাদের দাপ্তরিক কক্ষের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সংস্কার কার্যক্রম গ্রহণ" বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত উক্ত কাজের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাবা জেসমিন আক্তার, উপমহাব্যবস্থাপক(জনসংযোগ) জানান, উপমহাব্যবস্থাপক(সার্ভিসেস)-সহ অন্যান্যদের সহযোগিতায় কাজটি বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ নৈতিকতা কমিটি-কে অবহিত করা হবে।

লক্ষ্যমাত্রা-৩.১ "সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ" এর বিষয়ে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জনাবা জোহরা আক্তার, উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) সভাকে অবহিত করেন যে, "আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২০২৫" এ উল্লিখিত ছক অনুযায়ী অবসর উত্তর ছুটি-তে যাওয়া কোন কর্মকর্তা/কর্মচারী-কে পিআরএল/ছুটি সংক্রান্ত কোন সেবা প্রদান করা হলে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করা হয় এবং যথাসময়ে প্রমাণকসহ নৈতিকতা কমিটি-কে অবহিত করা হয়, যা বর্তমান কোয়ার্টারেও অব্যাহত আছে।

**সিদ্ধান্ত :**
১.২) কোম্পানির অংশীজন হিসেবে উন্নয়ন সহযোগীগণসহ পেট্রোবাংলা ও এর অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিগণ এবং বিজিএফসিএল-এর সংশ্লিষ্ট বিভাগ/শাখার প্রতিনিধিগণ এর অংশগ্রহণে ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে হাইব্রিড মোডে অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভা-টি আয়োজন করতে হবে;

১.৩) ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে ২ (দুই) ব্যাচে ১০০ জন জনবল-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে ;

১.৪) কর্ম-পরিবেশ উন্নয়ন এর আওতায় "কোম্পানির প্রধান কার্যালয়ের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিসহ নিচতলায় অবস্থিত কর্মকর্তাদের দাপ্তরিক কক্ষের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সংস্কার কার্যক্রম গ্রহণ" এর কাজ সম্পাদন করতে হবে;

৩.১) অবসর উত্তর ছুটি-তে যাওয়া কোন কর্মকর্তা/কর্মচারী-কে পিআরএল/ছুটি সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে নির্দেশিকা, ২০২৪-২০২৫" এ উল্লিখিত ছক অনুযায়ী রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে।

**আলোচ্যসূচি :** ঘ) কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক অতিরিক্ত কার্যক্রম গ্রহণ।

**আলোচনা :** সভায় কর্মপরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক অতিরিক্ত কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে আলোচনাশেষে কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সের বিভিন্ন স্থানে ডাস্টবিন স্থাপন করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত :** কোম্পানির প্রধান কার্যালয় কমপ্লেক্সের বিভিন্ন স্থানে ডাস্টবিন স্থাপন করতে হবে।

**আলোচ্যসূচি :** ঙ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা/পরামর্শ প্রদান।

**আলোচনা :** সভাপতি বলেন, আমরা সবাই জানি "শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা" বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর একটি অংশ। একারণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে পূর্ণ নম্বর পাওয়ার জন্য সচেষ্ট হতে উপস্থিত সকল-কে নির্দেশনা/পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্ত :** শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ শতভাগ বাস্তবায়নের মাধ্যমে পূর্ণ নম্বর অর্জনের বিষয়ে সচেষ্ট হতে হবে।

**আলোচ্যসূচি :** চ) বিবিধ

**আলোচনা :** বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আবদুর রাজ্জাক খান, উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে শুদ্ধাচার বাস্তবায়নের কাজটি যথাযথভাবে চলছে। কোম্পানিতে শুদ্ধাচার বাস্তবায়নের কাজ যথাযথভাবে চলমান থাকায় সভাপতি ফোকাল পয়েন্টসহ সংশ্লিষ্ট সকল-কে ধন্যবাদ জানান।

**সিদ্ধান্ত :** কোম্পানিতে শুদ্ধাচার বাস্তবায়নের কাজ যথাযথভাবে চলমান থাকার বিষয়টি অব্যাহত রাখতে হবে এবং শুদ্ধাচার প্রতিষ্ঠায় আন্তরিক ও সচেষ্ট হতে হবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে প্রতিবেদন যথাযথভাবে দাখিল করতে হবে। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance Sheet



২৬-০৪-২০২৫
প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৭১৬.১৪.০০০৩.২২.৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা।
৩। উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল।
৪। উপমহাব্যবস্থাপক (জনসংযোগ), বিজিএফসিএল।
৫। উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।
৬। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।
৭। ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল [ওয়েবসাইটে প্রকাশের জন্য]।

২৭-০৪-২০২৫
আবদুর রাজ্জাক খান
উপমহাব্যবস্থাপক(ইলেকট্রিক মেইনটেন্যান্স) ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

**প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।**

**নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী**

তারিখ : ২৩ এপ্রিল ২০২৫

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ২৩.০৪.২০২৫ |
| ২। | এস. এম. আলী আহসান হাবীব<br>মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ২৩.০৪.২০২৫ |
| ৩। | আবদুর রাজ্জাক খান<br>উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও<br>সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 23.04.2025 |
| ৪। | লিপন মজুমদার<br>উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস), বিজিএফসিএল। | 23.04.2025 |
| ৫। | জেসমিন আক্তার<br>উপমহাব্যবস্থাপক (জনসংযোগ), বিজিএফসিএল। | 23.04.25 |
| ৬। | শুভঙ্কর কুমার সাহা<br>উপমহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল। | ২৩/০৪/২০২৫ |
| ৭। | জোহরা আক্তার<br>উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল। | ২৩/০৪/২০২৫ |
| ৮। | মোহাম্মদ মোস্তফা কামাল<br>ব্যবস্থাপক (পার্সোনেল) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ২৩/০৪/২০২৫ |
| ৯। | মোঃ রাগেব হাসনাইন<br>ব্যবস্থাপক (জনসংযোগ) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | ২৩.৪.২৫ |
| ১০। | মোঃ আসাদুজ্জামান<br>ব্যবস্থাপক (এসডি এড ভ্যাট) ও<br>সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল। | 23.04.2025 |